

কারিগরি ও
মাদ্রাসা শিক্ষা
বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
সহকারী পরিচালক (অর্থ)

জরুরি

www.dme.gov.bd

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.১৭.০০২.১৮.৯

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪

০২ এপ্রিল ২০১৮

বিষয়: পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসার কমিটি না থাকায় অবস্থায় বিকল্প পদ্ধতিতে বেতন-ভাতা (এমপিও) উত্তোলনে ব্যর্থ হওয়ার কারণ ব্যাখ্যাকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসার স্মারক নং- জেশিঅ/পটু/ ৮০৪;

তারিখ: ১৩.১১.২০১৭ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের শাখাঃ ১১ এর স্মারক নং- শিম/শাঃ১১/২(২)/৯৯(অংশ-১)/১২৮৮;


তারিখ: ০৫.১০.২০০২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসার কমিটি না থাকায় সেপ্টেম্বর ২০১৭ মাসের বেতন ভাতাদি (এমপিও) যথাসময়ে উত্তোলন করতে না পারায় অনুত্তোলিত বেতন ভাতাদি (এমপিও) উত্তোলনের অনুমতির জন্য সূত্রে বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে সুপার কর্তৃক আবেদন করা হয়েছে।

০২. সূত্রে বর্ণিত (২) নং পত্রে উল্লেখ রয়েছে, “যে সমস্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি এর সভাপতি নেই অথবা অন্য কোন কারণে উল্লিখিত কমিটি ও গভর্নিং বডির কার্যক্রম স্থগিত আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে সংশ্লিষ্ট উপজেলার ক্ষেত্রে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা সদরে জেলা প্রশাসকসক প্রতিস্বাক্ষর করবেন”।

০৩. উপরিউক্ত সুস্পষ্ট নির্দেশনা অনুযায়ী আলোচ্য ম্যানেজিং কমিটির অনুপস্থিতিতে বিকল্প কর্মকর্তার (উপজেলা নির্বাহী কর্মকর্তা /জেলা প্রশাসকসক) স্বাক্ষরে এমপিও উত্তোলন সম্ভব ছিল কিন্তু আলোচ্য ক্ষেত্রে কেন তা সম্ভব হয়নি এ বিষয়টি সুপারের আবেদনে উল্লেখ না থাকায় আবেদনের বিষয়টি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

০৪. এমতাবস্থায়, বিকল্প কর্মকর্তার (উপজেলা নির্বাহী কর্মকর্তা /জেলা প্রশাসকসক) স্বাক্ষরে এমপিও উত্তোলনের সুযোগ থাকার পরও কেন যথাসময়ে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা উত্তোলন করা সম্ভব হয়নি তা আগামী ১৫.০৪.২০১৮ খ্রি. তারিখের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২-৪-২০১৮

মোঃ আবদুল মুকীত

সহকারী পরিচালক

সুপার


লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসা সদর, পটুয়াখালী।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০০.১৭.০০২.১৮.৯/১

তারিখ: ১৯ চৈত্র ১৪২৪
০২ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, পটুয়াখালী
- ৩) সভাপতি, লোহালিয়া নাজিরপুর আল হেরা দাখিল মাদরাসা।



২-৪-২০১৮

মোঃ আবদুল মুকীত
সহকারী পরিচালক